



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)



স্মারক নং-১৯০/ক/সি/২০২০/ ১৬৪০

তারিখ: ১৬/০৬/২০২০

বিষয়: ঢাকা মহানগরীর সূত্রাপুর থানাধীন "মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ" এর অধ্যক্ষ জনাব লুৎফুন নাহার একই সাথে দুই প্রতিষ্ঠানে কর্মরত প্রসঙ্গে।

সূত্র: ১. জনাব মো: মালেক সিকদার এর আবেদন।

২. ডায়েরী নং ২৬৯, তারিখ: ০৭/০৬/২০২১, শিক্ষা উপমন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ১৯০/ক/সি/০৮/১২০ তারিখ:

১৬/০৬/২০২১ এ গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর গোভারিয়া থানাধীন মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ জনাব লুৎফুন নাহার একই সাথে দুইটি প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রতিবেদনে প্রতীয়মান হয়:

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা - ২০১৮ এর পরিশিষ্ট (ঘ) এর (ক) অনুযায়ী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ হওয়ার মত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা জনাব লুৎফুন নাহার এর নেই।
২. জনাব লুৎফুন নাহার একই সাথে মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ, গোভারিয়া, ঢাকা এবং ব্রাহ্মণ শাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল এ কর্মরত ছিলেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা - ২০১৮ এর অনুচ্ছেদ ১১, (১০) (ক) অনুযায়ী একই সাথে একাধিক পদে চাকুরিতে নিয়োজিত থাকা বিধিবিহীন।

এমতাবস্থায় জনাব লুৎফুন নাহার এর অধ্যক্ষ পদে কাম্য যোগ্যতা না থাকা সত্ত্বেও অধ্যক্ষ পদে চাকুরী করা এবং একই সাথে দুটি প্রতিষ্ঠানে চাকুরীরত থাকা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা - ২০১৮ এর অনুচ্ছেদ ১১, (১০) (ক) অনুযায়ী বিধিবিহীন বিধায় তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক পত্র ইস্যুর তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর আবু তাহের মো: মোয়াজ্জেম হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

সভাপতি

মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ (EINN-108498)

গোভারিয়া, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ, মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ (EINN-108498) গোভারিয়া, ঢাকা।